ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 158 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ৩১৪ ● কলকাতা ● ০৬ অগ্রহায়ন, ১৪৩২ ● রবিবার ● ২৩ নভেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


পর্ব 121

## হিমালয়ের সমর্পণ যোগ



এইভাবে পৃথ্বীতত্ত্বদ্বারাও শরীরের অসুখ ঠিক করা যায়।"

"আমরা যদি নিজের ডান হাতের পাঞ্জা জমির উপর সম্পূর্ণ রাখি আর চোখ বন্ধ করে চিত্তকে একাগ্র করি তবে ভূমির ভিতরের গতিবিধিও জানা যেতে পারে। ঐ পৃথিবীর ভিতর কি চলছে, তা জানা যেতে পারে। পৃতিবার ভিতরের সব আওয়াজ এবং ভিতরের স্পন্দনকেও জানা অত পারে।" ক্রমশঃ

# কৃষ্ণনগরের BLO-র মৃত্যুতে কমিশনকে কড়া ভাষায় তোপ মমতার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নির্ধারিত সময়ের আগেই কাজ শেষের জন্য কার্যত চাপ দেওয়া হচ্ছে নির্বাচন কমিশনের তরফে। অথচ পরিকাঠামোয় হাজারও ত্রুটি। ফলে খুব দ্রুত কাজ মুশকিল। আর এই পাহাড়প্রমাণ চাপের কাছে হার মেনে কোনও কোনও বিএলও নিজের জীবন শেষ করে দেওয়ার পথে হেঁটেছেন।শনিবার সকালে বাড়ি থেকে বছর চুয়ান্নর রিঙ্কু তরফদারের ঝুলন্ত দেহ উদ্ধার হয়। তিনি চাপা বাঙালঝি স্বামী বিবেকানন্দ বিদ্যামন্দিরের পার্শ্বশিক্ষিকা। পুলিশ সূত্রে খবর, একটি সুইসাইড নোট পাওয়া গিয়েছে। দীর্ঘ ওই নোটে রিঙ্কুদেবী লিখেছেন, "আমি বাঁচতে চাই। আমার সংসারে কোনও অভাব নেই। কিন্তু এই সামান্য চাকরির জন্য এরা আমাকে এভাবে ভরাডুবির মাধ্যমে মরতে বাধ্য করল।"

এরপর ৩ পাতায়


ভর্তি চলছে

ভবানী চাইল্ড ইনস্টিটিউট

BHABANI CHILD INSTITUTE • 24 PARGANAS (SOUTH)

স্থাপিত ঃ ১৯৯৩

২০২৬ শিক্ষাবর্ষে নার্সারি শ্রেণির পঠন-পাঠন শুরু হবে ৪ঠা ডিসেম্বর, ২০২৫ বৃহস্পতিবার থেকে







আসন সংখ্যা সীমিত। অভিভাবকদের নীচের মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য জানানো যাচ্ছে।

ভর্তির সময় ঃ সকাল ৯টা থেকে বেলা ১টা

যোগাযোগ ঃ 9083249944 / 9083249933 / 9083249922

# ময়নাগুড়ি পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের শপথ



সুকুমার বিশ্বাস, জলপাইগুড়ি

ময়নাগুড়ি শহরের নতুন চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান শপথ গ্রহণ করলেন। শপথ গ্রহণ অনুষ্ঠান আয়োজন করা হয় ময়নাগুড়ি রবি তীর্থ ভবনে। চেয়ারম্যান পদে মনোনীত হন মনোজ রায়, ভাইস চেয়ারম্যান পদে মনোনীত হলেন ঝুলন সান্যাল। শপথ গ্রহণ অনুষ্ঠানের উপস্থিত ছিলেন জলপাইগুড়ির এসডিও তমজিৎ চক্রবর্তী, ময়নাগুড়ির ভিডিও প্রসেনজিৎ কুণ্ড, জলপাইগুড়ি জেলা পরিষদের কর্মধ্যক্ষ মহুয়া গোপ, এছাড়াও উপস্থিত ছিলেন পৌরসভার বিদায়ী চেয়ারম্যান অনন্ত দেব অধিকারী। শপথ বাক্য পাঠ করান এসডিও তমজিৎ চক্রবর্তী। ময়নাগুড়ি র পৌরসভার চেয়ারম্যান মনোজ রায় জানান, মমতা বন্দ্যোপাধ্যায়ের ময়নাগুড়ি পুরসভার নতুন ভাবে রূপান্তরিত করেছে। পৌরসভার দায়িত্ব পাওয়ার পর ময়নাগুড়ি বাসী তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কে ধন্যবাদ জানান। ময়নাগুড়ি শহরকে সুন্দরভাবে সাজিয়ে তুলতে হবে। প্রথমত পানীয় জলের ব্যবস্থা করে প্রত্যেক বাড়ি বাড়ি পৌঁছে দেওয়া হবে। রাস্তাঘাট সংস্কার করতে হবে। ময়নাগুড়ি বাজারের বেশ কিছু এলাকায় নোংরা আবর্জনা রয়েছে সেটাকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ব্যবস্থা করতে হবে। পৌরসভার ভাইস চেয়ারম্যান ঝুলন সান্যাল জানান, প্রথমেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কে ধন্যবাদ জানাই। ময়নাগুড়ি শহরের সকল স্তরের স্থায়ী ও বাসিন্দাদের ধন্যবাদ জানান। শহরের বেশ কিছু রাস্তা সংস্কার করতে হবে। বিশেষ করে পানীয় জলের ব্যবস্থা দ্রুত কাজ করার সম্পন্ন করতে হবে। এক কথায় বলা যায় ময়নাগুড়ি পৌরসভা সুন্দরভাবে সাজানো হবে।

## জি-২০ নেতাদের শীর্ষ সম্মেলনের ফাঁকে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ




স্টাফ রিপোর্টার, রোজদিন

দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে জি-২০ নেতাদের শীর্ষ সম্মেলনের ফাঁকে আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী, মাননীয় অ্যান্থনি আলবানিজ সাক্ষাৎ করেছেন। ২০২০ সালে দুই দেশের সম্পর্ককে ব্যাপক কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করার পর গত পাঁচ বছরে ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে সহযোগিতা আরও মজবুত

এরপর ৪ পাতায়

## নয়াদিল্লির বিজ্ঞান ভবনে এশিয়ান অ্যান্ড প্যাসিফিক সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ ডিজাস্টার ইনফরমেশন ম্যানেজমেন্ট(এপিডিআইএম)-এর ১০ম অধিবেশন অনুষ্ঠিত হয়েছে

নয়াদিল্লি, ২২ নভেম্বর ২০২৫

নয়াদিল্লির বিজ্ঞান ভবনে এশিয়ান অ্যান্ড প্যাসিফিক সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ ডিজাস্টার ইনফরমেশন ম্যানেজমেন্ট (এপিডিআইএম)-এর ১০ম অধিবেশন অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন স্বরাষ্ট্র ও দুর্যোগ ব্যবস্থাপনা প্রতিমন্ত্রী শ্রী নিত্যানন্দ রাই। প্রতিনিধিদলের সদস্য ও বিভাগীয় প্রধান শ্রী রাজেন্দ্র সিং এবং এনডিএমএ-এর সচিব শ্রী মণীশ ভরদ্বাজও ছিলেন।

উদ্বোধনী ভাষণে শ্রী নিত্যানন্দ রাই আঞ্চলিক দুর্যোগ স্থিতিস্থাপকতা এবং সহযোগিতার প্রতি ভারতের প্রতিশ্রুতির উপর জোর দেন। তিনি উল্লেখ করেন যে ভারতের সভাপতিত্বে এবং প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর গতিশীল নেতৃত্বে, ভারত ঝুঁকি মূল্যায়ন, ভূ-স্থানিক প্রয়োগ, প্রভাব-ভিত্তিক পূর্বাভাস, প্রাথমিক সতর্কতা প্রচার এবং জলবায়ু-স্থিতিস্থাপক পরিকাঠামো পরিকল্পনার অন্তর্ভুক্ত একটি বিস্তৃত সক্ষমতা-নির্মাণ এজেন্ডাকে সমর্থন করবে।

ভারত এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে দুর্যোগ এবং জলবায়ু ঝুঁকি হ্রাস করার জন্য এপিডিআইএম- এবং আঞ্চলিক অংশীদারদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য তার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে। ইউএন ইএসসিএপি, এপিডিআইএম এবং অন্যান্য বহুপাক্ষিক ফোরামের সঙ্গে এই অংশীদারিত্ব বিপর্যয় ঝুঁকি হ্রাসের লক্ষ্যে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর ১০-দফা এজেন্ডা অনুসারে পরিচালিত হয়। এই এজেন্ডা স্থানীয় পর্যায়ে বিনিয়োগ, প্রযুক্তির ব্যবহার, বিশ্ববিদ্যালয় এবং গবেষণা কেন্দ্রগুলির মধ্যে নেটওয়ার্ক গড়ে তোলা, বৈজ্ঞানিক গবেষণামূলক বা পরিসংখ্যানগত ঝুঁকির তথ্যের জোগান এবং আঞ্চলিক সহযোগিতা শক্তিশালী করার উপর জোর দেয়।

এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বিপর্যয় ঝুঁকি হ্রাসের লক্ষ্যে আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধি এবং উদ্ভাবনী কৌশল

এরপর ৩ পাতায়






(১ম পাতার পর)

# কৃষ্ণনগরের BLO-র মৃত্যুতে কমিশনকে কড়া ভাষায় তোপ মমতার

সেইসঙ্গে নোটে তিনি পরিবারের সদস্যদের এসআইআরের কাজ কীভাবে হবে, তাও জানিয়ে গিয়েছেন। সুইসাইড নোটের ছত্রে ছত্রে কাজের চাপের কথা লিখেছেন কর্তব্যরত ওই বিএলও। একইসঙ্গে তাঁর কর্তব্যনিষ্ঠার প্রতিফলনও রয়েছে চিঠিতে। এসব জেনেই কমিশনকে তৃণমূল নেত্রীর প্রশ্ন, আর কত মৃত্যু দেখতে হবে?সুইসাইড নোটে তাঁরা সেই কারণও লিখেছেন। আর ধারাবাহিকভাবে এসব ঘটনার জেরে এবার নির্বাচন কমিশনকে কড়া ভাষায় তোপ দাগলেন মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। শনিবার এক্স হ্যান্ডল পোস্টে তাঁর প্রশ্ন, 'এসআইআরের চাপে এভাবে আর কত জীবন নষ্ট হবে? আর কত মৃতদেহ গুনতে হবে? এটা এবার অত্যন্ত গুরুতর ব্যাপার হয়ে উঠছে।' মমতা আরও লিখেছেন, 'কৃষ্ণনগরের চাপড়ার ২০১ নং বুথের বিএলও, পার্শ্বশিক্ষিকা রিঙ্কু তরফদারের মৃত্যুর খবর পেয়ে আমি অত্যন্ত মর্মাহত। এসআইআরের কাজে চাপের কথা তিনি লিখে গিয়েছেন সুইসাইড নোটে।'

(২ পাতার পর)

# নয়াদিল্লির বিজ্ঞান ভবনে এশিয়ান অ্যান্ড প্যাসিফিক সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ ডিজাস্টার ইনফরমেশন ম্যানেজমেন্ট(এপিডিআইএম)-এর ১০ম অধিবেশন অনুষ্ঠিত হয়েছে

বাস্তবায়নের জন্য একটি যৌথ প্রতিশ্রুতি দিয়ে অধিবেশনটি শেষ হয়। আলোচনার সময়, এপিডিআইএম -এর পূর্ববর্তী বছরের কর্মসূচি; ২০২৬ সালে গৃহীত কর্মসূচি এবং ২০২০-২০৩০ কৌশলগত কর্মপরিকল্পনা ভিত্তিক গভর্নিং কাউন্সিলের নির্দিষ্ট এজেন্ডা নিয়ে আলোচনা করা হয়েছে। এই সভার ফলাফল এপিডিআইএম -এর সামগ্রিক কর্মসূচীকে নির্দেশিত করবে এবং সেন্ডাই ফ্রেমওয়ার্ক এবং টেকসই উন্নয়নের জন্য ২০৩০ এজেন্ডার লক্ষ্য অর্জনে অবদান রাখবে।

গভর্নিং কাউন্সিলের দশম অধিবেশনে বাংলাদেশ, ইরান, মালদ্বীপ, কাজাখস্তান, মঙ্গোলিয়া এবং তুরস্ক সহ সদস্য রাষ্ট্রগুলির প্রতিনিধিদলের প্রধান এবং প্রতিনিধিরা উপস্থিত ছিলেন, এবং তাজিকিস্তানের পর্যবেক্ষক প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। অধিবেশনে রাষ্ট্রসংঘের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশন(ইউএন ইএসসিএপি) এর প্রশাসন পরিচালক মিঃ স্টিফেন কুপার; এপিডিআইএম-এর পরিচালক মিসেস লেটিজিয়া রোসানো; এপিডিআইএম-এর সিনিয়র সমন্বয়কারী মিঃ মোস্তফা মোহাঙ্গেঘ; এবং এপিডিআইএম সচিবালয়, ইরান এবং পর্যবেক্ষক সংস্থাগুলির অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

# ৭ হাজার ভোটারের কোনও খোঁজই নেই

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভোটার তালিকায় নাম খুঁজতে গিয়ে আধিকারিকদের চোখ কপালে। হাজার হাজার মৃত ভোটার! সেই সঙ্গে ভোটার তালিকায় থাকা কয়েক হাজার ভোটারের খোঁজ নেই। মালদহ জেলাকে ঘিরেই গভীর উদ্বেগ প্রকাশ করেছেন জাতীয় নির্বাচন কমিশনের প্রতিনিধিরা। সূত্রের খবর, মালদহে ভোটার তালিকায় খোঁজ নেই ৭ হাজার ১৭১ জনের।রতুয়ায় ৯৪৪ জনকে পাওয়া যায়নি। মানিকচকে ৮৩০ জন এবং বৈষ্ণবনগর কেন্দ্রে ৭৮৬ জনকে ফর্ম দেওয়া সম্ভব হয়নি।শুধু তাই নয়, এদিনের



বৈঠকে মালদহ জেলায় মৃত ভোটারের সংখ্যাটা দেখেও উদ্বেগ প্রকাশ করেছেন নির্বাচন কমিশনের প্রতিনিধিরা। ১২টি বিধানসভা কেন্দ্রে মোট ৫৫৭২ জন মৃত ভোটারের হদিশ মিলেছে। ২০২৫ সালের ভোটার তালিকায় নাম রয়ে গিয়েছে ওই মৃত ব্যক্তিদের। সূত্রের খবর, মৃত ভোটারের ক্ষেত্রেও জেলায় শীর্ষে ইংরেজবাজার বিধানসভা কেন্দ্র। মারা যাওয়ার পর এই কেন্দ্রে নাম রয়ে গিয়েছে ১০১৭ জনের। সুজাপুর কেন্দ্রে ৮২২ জন, রতুয়ায় ৬৮২ জন, মানিকচকে ৬৪১ জন, মালদহ বিধানসভায় ৬১৯ জন এবং বৈষ্ণবনগরে ৫৯৪ জন মৃত ব্যক্তির হদিশ মিলেছে তালিকায়। এছাড়া জেলা জুড়ে ৫ হাজার ৫৭২ জন মৃত ব্যক্তির নাম তালিকায় রয়ে গিয়েছে।পদ্ধতি মেনে নোটিস জারি করে তালিকা থেকে মৃত ভোটারদের নাম বাদ দেওয়ার নির্দেশ দিয়েছে কমিশন। জেলার আধিকারিকদের সেই নির্দেশ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার

এরপর ৬ পাতায়

# ৯ তারিখ বেরোবে খসড়া তালিকা,




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

৯ ডিসেম্বর ভোটার লিস্টের খসড়া তালিকা প্রকাশ করবে নির্বাচন কমিশন। তার আগে ২৫ নভেম্বর অ্যাপে ফর্ম আপলোডের কাজ শেষ করতে হবে বিএলও-দের। ৪ ডিসেম্বর ফর্ম ডিজিটাইজেশনের শেষ দিন। খসড়া তালিকার পরই ঝাড়াই বাছাই। প্রশ্ন হচ্ছে, ওই তালিকায় কাদের নাম থাকবে আর কাদের নাম বাদ পড়বে?প্রসঙ্গত, শুক্রবারই নির্বাচন কমিশনের তরফে স্পষ্ট করে দেওয়া হয়েছে, ৪ ডিসেম্বরের আগেই ডিজিটাইজেশনের প্রক্রিয়া শেষ করতে হবে। আবারও স্পষ্ট করে দিল নির্বাচন কমিশন। শুক্রবার জেলা শাসকদের সঙ্গে বৈঠকে বসে জাতীয় নির্বাচন কমিশনের প্রতিনিধি দল। CEC জ্ঞানেশ ভারতী প্রত্যেক জেলাশাসককে স্পষ্ট করে দিয়েছেন, বিএলও-দের বাড়তি চাপ থাকলেও, আগে কাজ শেষ না হলে ডিজিটাইজেশনের পর অন্যান্য কাজ শেষ করতে সমস্যা হবে। বৈঠকে ২৫ নভেম্বর ডেডলাইন বেঁধে দিয়েছে কমিশন।কাদের নাম থাকবে? কমিশনের তরফ থেকে জানানো হয়েছে, যাঁরা ফর্ম জমা দিয়েছেন, সবার নামই থাকবে খসড়া তালিকায়। কমিশনের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট বুথে তালিকা বেরোবে। মৃত বা অন্য কারণে বাদ পড়াদের তালিকা আলাদাভাবে প্রকাশ করা হবে।

কাদের নাম বাদ যাবে? সাধারণত প্রত্যেক বাড়িতে গিয়ে ফর্ম ফিল আপ করেছেন বিএলওরা। সেক্ষেত্রে অনেক ক্ষেত্রে অভিযোগ উঠেছে, মৃত ভোটারদেরও নামে ফর্ম ফিলআপ হয়েছে। ইতিমধ্যেই সেই তথ্য জমা পড়েছে নির্বাচন কমিশনের কাছে। মৃত ভোটারদের জন্য আলাদা তালিকা প্রকাশ করবে

এরপর ৬ পাতায়

# সম্পাদকীয়

## ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগে এবার আরও কড়া কমিশন

এসআইআর-এর কাজে ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগে এবার কড়া কমিশন। সব জেলার DEOকে নোটিস পাঠাল নির্বাচন কমিশন। অস্থায়ী কর্মী, বাংলার সহায়তা কর্মীদের ডেটা এন্ট্রির কাজে নিয়োগ করা যাবে না। স্পষ্ট বার্তা কমিশনের। কয়েক জায়গায় এ ছবি দেখা গিয়েছে। তাঁদের নিয়োগ করা হলে ERO, AERO, BDO-র বিরুদ্ধে ব্যবস্থার হুঁশিয়ারি দেওয়া হয়েছে কমিশনের তরফে।এরপরই একাধিক জায়গায় বিএলও-দের ক্ষোভ প্রকাশ করতে দেখা যায়। তাঁদের অভিযোগ, একে তো ফর্ম ডিজিটাইজেশন করার কোনও প্রশিক্ষণ তাঁদের দেওয়া হয়নি। দুই, এক-একটা ফর্ম ডিজিটাইজ করতে সময় লেগে যাচ্ছে ঘণ্টা খানেকের মতো! অনেকেই এই বিষয়টিতে সড়গড় নয়। সেক্ষেত্রে তাঁদের সাহায্য করার জন্য ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগের কথা বলা হয়েছে।এদিকে, ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ নিয়ে কমিশনের নির্দেশিকা স্মরণ করিয়ে রাজ্য প্রশাসনকে সতর্ক করেছেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনিই অভিযোগ করেন, রাজ্যের এসআইআর-এর কাজে বহু জায়গায় চুক্তিভিত্তিক কর্মীদের নিয়োগ করা হচ্ছে। যা উচিত নয়। জানতে পারলে ব্যবস্থা নেবে কমিশন।

যদিও এই নিয়ে তৃণমূলের মুখপাত্র অরূপ চক্রবর্তীর বক্তব্য, "নির্বাচন কমিশন কী করবে আর কী করবে না, সেটা শুভেন্দু অধিকারী ঠিক করবেন, এটা হাস্যকর। এই জন্যই তো বলছি নির্বাচন কমিশন বিজেপির কথায় কাজ করছে।" উল্লেখ্য, প্রথমে কেবল বিএলও-দের ফর্ম জমা নেওয়ারই কথা ছিল। সেই মতই প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। কিন্তু পরে কমিশনের তরফে হোয়াটসঅ্যাপে নির্দেশ দেওয়া হয়, ফর্ম জমা নিলেই হবে না, ডিজিটাইজেশন করতে হবে।

# বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



মৃত্যুঞ্জয় সরদার
(চোদ্দতম পর্ব)



কিছু বুঝি না, আপনাকে আমার সাথে যেতে হবে। লোকে যা বলে বলুক। শুধু আপনি কথা দেন – বারদী ছেড়ে কোথাও যাবেন না"।ডেঙ্গুর সাথে বাবা লোকনাথ চলে আসেন বারদী। ছোট ছোট ছেলেরা বাবাকে পাগল ভেবে; পাথর মারতে থাকে। ডেঙ্গুর পরিবারে বাবাকে নিয়ে শুরু হয় অশান্তি। বারদীর ধনী জমিদার নাগ-

ক্রমশঃ

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

# জি-২০ নেতাদের শীর্ষ সম্মেলনের ফাঁকে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

হওয়ায় উভয় নেতা সন্তোষ প্রকাশ করেন। ভারতে সাম্প্রতিক সন্ত্রাসী হামলার ঘটনায় প্রধানমন্ত্রী আলবানিজ সমবেদনা জানান। সন্ত্রাসবাদের বিরুদ্ধে বিশ্বব্যাপী লড়াই জোরদার করার জন্য নেতারা প্রতিশ্রুতিবদ্ধতা ব্যক্ত করেন।

রাজনৈতিক ও কৌশলগত, প্রতিরক্ষা ও নিরাপত্তা, জ্বালানি, বাণিজ্য ও বিনিয়োগ, গুরুত্বপূর্ণ খনিজ, প্রযুক্তি, শিক্ষা এবং জনগণের সঙ্গে জনগণের যোগাযোগ বৃদ্ধি সহ বিস্তৃত ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদার করার বিষয়ে দুই নেতা আলোচনা করেন। এছাড়া পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়েও দুই নেতা মতবিনিময় করেন।

উচ্চ পর্যায়ের যোগাযোগ বৃদ্ধি পাওয়ায় দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে একটি গতি সঞ্চার হয়েছে বলে দুই প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। তারা ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে ব্যাপক কৌশলগত অংশীদারিত্বকে আরও উন্নীত করার বিষয়ে প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তন্ত্রগ্রন্থে তাঁহার নানা রূপ বর্ণিত আছে, সেসকল রূপ এখানে বর্ণনা করা সম্ভব হয় না বলিয়া মূল একটি রূপ দিয়াই ক্ষান্ত হইতে হইল।

রক্তযমারির বর্ণ লাল, মুখ একটি এবং হাত দুইটি। ক্রমশঃ


**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# অকুপেশনাল সেফটি, হেলথ অ্যান্ড ওয়ার্কিং কন্ডিশন কোড, ২০২০

## (প্রথম পর্ব)

নয়াদিল্লি, ২২ নভেম্বর ২০২৫

অকুপেশনাল সেফটি বা পেশাগত নিরাপত্তা, হেলথ অ্যান্ড ওয়ার্কিং কন্ডিশনস কোড, ২০২০ প্রণীত হয়েছে বিদ্যমান জটিল শ্রম আইনগুলির কাঠামোকে একীভূত ও সরলীকরণ করার জন্য। এটি ১৩-টি কেন্দ্রীয় শ্রম আইনকে প্রতিস্থাপন করে একটিমাত্র বিস্তৃত আইন হিসেবে কার্যকর করে, যার ফলে, বিভিন্ন শিল্প ও রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে বৈচিত্র্য কমে এবং একরূপতা প্রতিষ্ঠিত হয়। স্বচ্ছতা বৃদ্ধি, শ্রমিক কল্যাণ উন্নত করা এবং ভারতে ব্যবসা পরিচালনার সরলতা ত্বরান্বিত করার উদ্দেশ্যে বৃহত্তর শ্রম আইনের সংস্কারের অংশ হিসেবে এই কোডটি প্রণীত হয়েছে। একক রেজিস্ট্রেশন, সর্বভারতীয় লাইসেন্স, ইলেকট্রনিক ফাইলিং এবং নির্দিষ্ট সময়সীমার অনুমোদন প্রক্রিয়ার মতো ব্যবস্থার মাধ্যমে অনুবর্তিতার সরলীকরণের পাশাপাশি, এটি প্রশাসনিক জটিলতা হ্রাস করে এবং বিনিয়োগকে উৎসাহিত করে। একই সঙ্গে, এই কোডটি শ্রমিকদের সুরক্ষা আরও শক্তিশালী করে কর্মসংস্থানের আনুষ্ঠানিকীকরণ নিশ্চিত করে, স্বাস্থ্য ও সুরক্ষা মান উন্নত করে এবং উন্নততর কল্যাণ ব্যবস্থার প্রবর্তন করে। ফলে, কোডটি দুটি লক্ষ্যকে সমানভাবে ভারসাম্য রক্ষা করে, শ্রমিকের অধিকার ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা এবং একটি ব্যবসা-বান্ধব নিয়ন্ত্রক পরিবেশ সৃষ্টি করে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মসংস্থানকে ত্বরান্বিত করা। এভাবে, ভারতের শ্রমবাজারকে আরও কার্যকর, ন্যায়সঙ্গত ও ভবিষ্যৎ-উপযোগী করে তোলে।

২. OSH কোডের আওতায় অন্তর্ভুক্ত ১৩-টি আইন হল:

i. The Factories Act, 1948
ii. The Plantations Labour Act, 1951
iii. The Mines Act, 1952
iv. The Working Journalists and other Newspaper Employees (Conditions of Service and Miscellaneous Provisions) Act, 1955
v. The Working Journalists (Fixation of Rates of Wages) Act, 1958
vi. The Motor Transport Workers Act, 1961
vii. The Beedi and Cigar Workers (Conditions of Employment) Act, 1966
viii. The Contract Labour (Regulation and Abolition) Act, 1970
ix. The Sales Promotion Employees (Condition of Service) Act, 1976
x. The Inter-State Migrant workmen (Regulation of Employment and Conditions of Service) Act, 1979
xi. The Cine Workers and Cinema Theatre Workers Act, 1981
xii. The Dock Workers (Safety, Health and Welfare) Act, 1986
xiii. The Building and Other Construction Workers (Regulation of Employment and Conditions of Service) Act, 1996

৩. OSH কোডে উপরের ১৩-টি আইনের তুলনায় উন্নয়নের সংক্ষিপ্ত চিত্র নিম্নলিখিত সারণিতে উপস্থাপিত হয়েছে:

বিষয় | বিদ্যমান নিয়ম | OSH ও WC কোড ২০২০
ধারার সংখ্যা | ১৩ | ১
সেকশান | ৬২০ | ১৪৩
নিয়ম | ৮৬৮ | ১৭৫
নিবন্ধন | ৬ | ১
লাইসেন্স | ৪ | ১
ফর্ম | ৫৫ | ২০
রিটার্ন| ২১ | ১
অপরাধের কম্পাউন্ডিং | কোনো বিধান ছিল না | নতুন বিধান
উন্নতিসাধনের নোটিস | কোনো বিধান ছিল না | নতুন বিধান

কর্মচারী অনুকূল বিধান

1. নিয়োগপত্রের মাধ্যমে আনুষ্ঠানিকীকরণ: প্রতিটি কর্মচারী নির্ধারিত বিন্যাস অনুযায়ী অ্যাপয়েন্টমেন্ট লেটার পাবেন, যেখানে কর্মচারীর বিবরণ, পদবি, শ্রেণি, মজুরির বিবরণ এবং সামাজিক সুরক্ষার

ক্রমশঃ

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance [illegible] - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# জি-২০ শীর্ষ সম্মেলন শুরু

স্টাফ রিপোর্টার, রোজদিন

দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট সিরিল রামাফোসার ভাষণের মধ্যে দিয়ে শুরু হয়েছে দুই দিনব্যাপী জি-২০ সম্মেলন। শনিবার (২২ নভেম্বর) জোহানেসবার্গে বসেছে এবারের সম্মেলন। ইতিমধ্যে বৈঠকে অংশ নেওয়ার জন্য বিশ্ব নেতারা সেখানে উপস্থিত হয়েছেন।




বৈঠকের আগে দক্ষিণ আফ্রিকার পররাষ্ট্রমন্ত্রী রোনাল্ড লামোলা বলেছেন, এই সপ্তাহে দেশটির ঐতিহাসিক জি-২০ শীর্ষ সম্মেলনে ৪২টি দেশ অংশগ্রহণ করবেন। যদিও জি-২০-এর প্রতিষ্ঠাতা সদস্য মার্কিন যুক্তরাষ্ট্র এবারের সম্মেলন বয়কট করেছে।

আয়োজক দেশের বিরুদ্ধে সংখ্যালঘু শ্বেতাঙ্গদের নির্যাতনের অভিযোগ তুলে সম্মেলনে অংশ না নেয়ার সিদ্ধান্ত জানায় হোয়াইট হাউজ। এদিকে প্রথমবারের মতো জি টোয়েন্টি শীর্ষ সম্মেলনের ২০তম আসর আয়োজন করেছে দক্ষিণ আফ্রিকা। এবারের সম্মেলনের প্রতিপাদ্য ‘সংহতি, সমতা এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করা।

এবারের সম্মেলনে আফ্রিকা মহাদেশের নিম্ন-আয়ের দেশগুলির জন্য ঋণমুক্তির ব্যবস্থা আলোকপাত করা হতে পারে। যা উন্নয়নশীল বিশ্বজুড়ে অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির পথে একটি বড় বাধা। এছাড়া সম্মেলনে জলবায়ু অভিযোজন, অভ্যন্তরীণ সহযোগিতা এবং দেশগুলোর মধ্যে কৌশলগত দিকনির্দেশনা নিয়ে আলোচনা হতে পারে।

দুই দিনের সফরে সম্মেলনের ফাঁকে বিশ্ব নেতারা একাধিকবার দ্বিপাক্ষিক বৈঠক করার কথা রয়েছে।

উল্লেখ্য, গত শতকের নব্বইয়ের দশকে গভীর অর্থনৈতিক সংকটে পড়েছিল এশিয়ার অনেক দেশ। এ সংকট শেষে ১৯৯৯ সালে বিশ্বের বড় ২০টি দেশ একটি অর্থনৈতিক জোট গড়ে। তারা বুঝতে পেরেছিল, এমন সংকট কোনো একটি দেশের সীমানার মধ্যেই আবদ্ধ থাকে না। তাই এ পরিস্থিতি মোকাবিলার জন্য আন্তর্জাতিকভাবে আরও অর্থনৈতিক সহযোগিতার প্রয়োজন।

(৩ পাতার পর)

## ৭ হাজার ভোটারের কোনও খোঁজই নেই

এসআইআর-এর কাজ খতিয়ে দেখতে মালদহে গিয়েছিল জাতীয় নির্বাচন কমিশনের ছয় সদস্যের এক প্রতিনিধি দল। সেই দলের নেতৃত্বে ছিলেন রাজ্যের দায়িত্বপ্রাপ্ত জাতীয় নির্বাচনী আধিকারিক জ্ঞানেশ ভারতী, ছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল।জেলার প্রশাসনিক ভবনে জেলার নির্বাচন দফতরের পদস্থ আধিকারিকদের সঙ্গে তাঁরা বৈঠক করেন।

পরে প্রশাসনিক ভবনে জেলাশাসক এবং বিডিওদের নিয়ে বৈঠক করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। সেই বৈঠকেও উপস্থিত ছিলেন জাতীয় নির্বাচন কমিশনের সিনিয়র ডেপুটি নির্বাচনী আধিকারিক জ্ঞানেশ ভারতী। একটানা প্রায় আড়াই ঘন্টার বৈঠকে স্পেশাল ইনটেনসিভ রিভিশন (এসআইআর) এর কাজকর্ম নিয়েই মূলত পর্যালোচনা করা হয়। এসআইআরের কাজকর্মের নানা দিক খতিয়ে দেখেন তাঁরা। যাঁদের খোঁজ মিলছে না এবং যাঁরা মৃত তাঁদের সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।মালদহ জেলার ১২টি বিধানসভা এলাকায় ৭ হাজার ১৭১ জন ভোটারের খোঁজ মেলেনি। তাঁদের নামে এনুমারেশন ফর্ম বিলি করা সম্ভব হয়নি।

ইংরেজবাজার বিধানসভা এলাকায় সবচেয়ে বেশি ভোটারের হদিশ মিলছে না। সংখ্যাটা ১১৭৩। তারপরেই রয়েছে সুজাপুর বিধানসভা এলাকা। সুজাপুরে ৯৯৬ জনের খোঁজ মেলেনি।

(৩ পাতার পর)

## ৯ তারিখ বেরোবে খসড়া তালিকা,

কমিশন।

২০০২ সালের ভোটার তালিকায় নাম ছিল, কিন্তু বাড়ি গিয়ে ফর্ম দিতে গিয়ে যখন বিএলও-রা দেখতে পাবেন, সেই ব্যক্তি মৃত, সেটা মার্ক করে ডিলিট করা যাবে। ২০২৫-এর তালিকায় নাম রয়েছে, অথচ নির্দিষ্ট ঠিকানায় বাড়ি গিয়ে তাঁকে খুঁজে পাওয়া গেল না, তাঁদের নাম বাদ যাবে। যাঁদের 'ডবল এন্ট্রি' রয়েছে, অর্থাৎ একই কেন্দ্রে বা আলাদা কেন্দ্রে নাম রয়েছে ভোটারের, সেই নাম বাদ যাবে। দুটো এনুমারেশন ফর্ম ফিল আপ আইনত দণ্ডনীয় অপরাধ, সেটা আগেই স্পষ্ট করে দিয়েছে কমিশন।

কাদের হিয়ারিং হবে? খসড়া তালিকায় নাম থাকা মানেই যে তাঁদের হিয়ারিংয়ে ডাকা হবে না, তেমনটা নয়। কারণ তারপরই হবে আসল ঝাড়াই বাছাইয়ের কাজ। ৯ ডিসেম্বরের পর ঝাড়াই বাছাইয়ের কাজ শুরু করবে কমিশন। ম্যাপিংয়ের কাজ চলবে। ম্যাপিংয়ে না ম্যাচ করলে সে সময়ে হিয়ারিংয়ের নোটিস যাবে, নোটিস পৌঁছে দেবেন বিএলও-রা। ২০০২ সালের তালিকায় যাঁদের নাম নেই, তাঁরা যে তথ্য জমা দিচ্ছেন, ইআরও-এর মনে হলে তাঁদের ডেকে পাঠাতেই পারে। তখন ওই ১১টি নথির মধ্যে ১টি নথি দেখাতে হবে। এ ছাড়া ২০০২-এর তালিকায় যাঁদের নিজেদের নাম নেই ও পরিবারের কারও নাম নেই, তাদের হিয়ারিংয়ে ডেকে পাঠাবে কমিশন।

সেখানে বৈধ ডকুমেন্ট হিসাবে আধার কার্ড ছাড়া বাকি ১১টি নথির মধ্যে ১টি বৈধ নথি দেখাতে পারলেই এসআইআরের ফাইনাল লিস্টে নাম উঠে যাবে ওই ব্যক্তির। প্রত্যেক বুথের বাইরে ভোটারের সংখ্যা টাঙিয়ে দেওয়া হবে। সাধারণত এক একটা বুথে ১২০০ বেশি ভোটার থাকার কথা নয়। পাশাপাশি এসডিও ও বিডিও অফিসের বাইরেও এই তালিকা টাঙানো থাকবে।

# সিনেমার খবর

## বৈবাহিক সম্পর্কেরও মেয়াদ থাকা উচিত: কাজল

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউডের জনপ্রিয় অভিনেত্রী কাজল আবারও আলোচনায়। তবে এবার সিনেমা নয়, বিয়ে নিয়ে তাঁর মন্তব্যকে ঘিরে। অভিনেত্রী জানিয়েছেন, তিনি মনে করেন বিয়েরও মেয়াদ শেষ হওয়ার তারিখ থাকা উচিত, যেন সম্পর্ক নবায়নের সুযোগ থাকে। তাঁর এই বক্তব্যে নেটিজেনদের মধ্যে দাম্পত্যে ফাটলের গুঞ্জন ছড়িয়ে পড়েছে।

বলিউডের অন্যতম আদর্শ দম্পতি হিসেবে পরিচিত কাজল ও অজয় দেবগণ দাম্পত্য জীবনের ২৭ বছর পার করেছেন। ভালোবেসেই বিয়ের বন্ধনে আবদ্ধ হয়েছিলেন দুজন। ‘টু মাচ উইথ কাজল অ্যান্ড টুইঙ্কেল’-এর সাম্প্রতিক পর্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভিকি কৌশল ও কৃতি শ্যানন। আলোচনার এক পর্যায়ে টুইঙ্কেল খন্না প্রশ্ন রাখেন 'বিয়ের কি মেয়াদ শেষ হওয়ার তারিখ থাকা উচিত, যেটি পর নবায়ন করা যাবে?'

ভিকি, কৃতি ও টুইঙ্কেল একবাক্যে 'না' বললেও, কাজল ভিন্ন মত প্রকাশ করেন। তিনি বলেন, 'অবশ্যই বিয়ের এক্সপায়ারি ডেট থাকা উচিত। কে বলতে পারে আপনি সঠিক সময় সঠিক মানুষকেই বিয়ে করেছেন? নবায়নের সুযোগ থাকলে সম্পর্ক টিকিয়ে রাখা সহজ হয়, আর মেয়াদ শেষ থাকলে কাউকে দীর্ঘ সময় কষ্ট পেতে হয় না।'

টুইঙ্কেল মজা করে বলেন,'এটা তো বিয়ে, ওয়াশিং মেশিন নয়!'

শোয়ের অন্য আলোচনায় টাকাপয়সা কি সুখ কিনতে পারে। এই প্রশ্নে কাজল বলেন,'আপনার কাছে যতই টাকা থাকুক না কেন, সেটা কখনো কখনো সুখের পথে বাধা হয়ে দাঁড়ায়। অর্থ আপনাকে জীবনের সত্যিকারের আনন্দ থেকে দূরে সরিয়ে দেয়।'

## ভরা মঞ্চে প্রেমিকা রাশমিকার হাতে চুমু খেলেন বিজয়



স্টাফ রিপোর্টার, রোজদিন

দক্ষিণ ভারতের জনপ্রিয় অভিনেত্রী রাশমিকা মান্দানা ও অভিনেতা বিজয় দেবেরাকোন্ডার প্রেমের গুঞ্জন বেশ কিছুদিন ধরেই আলোচনায় আছে। তবে এবার তারা প্রকাশ্যেই একে অপরের প্রতি ভালোবাসা প্রকাশ করেছেন। যা আবার ক্যামেরাবন্দিও করেছেন পাপারাজ্জিরা।

সম্প্রতি হায়দরাবাদে মুক্তি পাওয়া চলচ্চিত্র ‘দ্য গার্লফ্রেন্ড’-এর সাফল্য উদযাপন অনুষ্ঠানে একসঙ্গে উপস্থিত হন এই তারকা জুটি। সেখানে মঞ্চে রাশমিকার হাত ধরে তাকে চুম্বন করেন বিজয়। দর্শক ও সাংবাদিকদের সামনেই ঘটে সেই মুহূর্ত।

এই ঘটনায় কিছুটা লজ্জা পেলেও হাসিমুখে প্রেমিকের প্রতি ভালোবাসার বার্তা দেন রাশমিকা। অনুষ্ঠানে তিনি বলেন, ‘প্রত্যেকের জীবনে একজন বিজয় দেবেরাকোন্ডার মতো মানুষ থাকা উচিত। ওর মতো একজনকে পাশে পাওয়া সত্যিই আশীর্বাদ।’

তিনি আরও যোগ করেন, ‘বিজু, তুমি শুরু থেকেই এই সিনেমার অংশ ছিলে। আজ এই সাফল্যের আনন্দে তোমাকে পাশে পেয়ে ভালো লাগছে।’

রাশমিকা জানান, ‘দ্য গার্লফ্রেন্ড’ ছবির কাজের সময় থেকেই বিজয় তার পাশে ছিলেন। তার এই বক্তব্যের পর থেকেই তাদের বিয়ের খবর আরও জোরালো হয়েছে।

ভারতীয় গণমাধ্যমের তথ্যমতে, আগামী ২০২৬ সালের ২৬ ফেব্রুয়ারি রাজস্থানের উদয়পুরে রাজকীয় আয়োজনে বিয়ে করতে চলেছেন এই দুই তারকা। পরিবার ও ঘনিষ্ঠ বন্ধুদের উপস্থিতিতেই হবে তাদের বিয়ের আনুষ্ঠানিকতা।

## সালমানের ‘এশিয়ান ট্যুর’ থেকে বাদ পড়লেন সোনাক্ষী

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউড সুপারস্টার সালমান খান ও অভিনেত্রী সোনাক্ষী সিনহার বন্ধুত্ব বহুদিনের। সালমানের বিভিন্ন দেশি-বিদেশি কনসার্ট ও প্রমোশনাল সফরে প্রায়ই দেখা গেছে সোনাক্ষীকে। তারই ধারাবাহিকতায় সালমানের আসন্ন ‘এশিয়ান ট্যুর’-এও সোনাক্ষীর অংশ নেওয়ার কথা ছিল। কিন্তু হঠাৎ প্রকাশিত পোস্টারে দেখা যায়, তার জায়গায় স্থান পেয়েছেন দক্ষিণী অভিনেত্রী তামান্না ভাটিয়া।

এই পরিবর্তন ঘিরে বলিউডে শুরু হয়েছে নানা গুঞ্জন। একাংশের দাবি, সোনাক্ষী সিনহা নাকি অন্তঃসত্ত্বা, তাই এবার সফরে যেতে পারছেন না। অনেকে বলছেন, সম্প্রতি একটি পডকাস্টে সোনাক্ষীকে বারবার বালিশে ভর দিয়ে বসতে দেখা গেছে, যা থেকে সন্দেহের সূত্রপাত। আবার অনেকে তার ঢিলেঢালা পোশাক পরাকে গোপনীয়তার ইঙ্গিত হিসেবেও দেখছেন।

তবে এসব গুঞ্জন নিয়ে এখনো মুখ খোলেননি সোনাক্ষী বা তার স্বামী অভিনেতা জাহির ইকবাল। এর আগেও একাধিকবার এমন খবর ছড়ালেও প্রতিবারই তা অস্বীকার করেছেন তারা।

তবুও সালমান খানের ঘনিষ্ঠ সফরসঙ্গী হিসেবে সোনাক্ষীর হঠাৎ বাদ পড়া এবং নতুন করে জল্পনার ঝড়—সব মিলিয়ে বলিউড মহলে চলছে নানান আলোচনা।

# কুলদীপের শিকার ৩, প্রথম দিন কতটা এগোল প্রোটিয়ারা?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




গুয়াহাটির প্রথম টেস্টের রেজাল্ট কেমন হতে চলেছে? ভারত-দক্ষিণ আফ্রিকা দ্বিতীয় টেস্টের প্রথম দিনের খেলা শেষ হতেই এই নিয়ে আলোচনা চলছে ক্রিকেট মহলে। বর্ষাপাড়া স্টেডিয়ামে প্রোটিয়াদের বিরুদ্ধে প্রথম টেস্টের প্রথম দিন শুরুর দুটো সেশনে ভারতীয় বোলাররা মাত্র ১টি করে উইকেট পেয়েছিলেন। তৃতীয় সেশনে কুলদীপ-সিরাজরা ৪টে উইকেট নিয়ে ভারতকে ম্যাচে রাখলেন। এখনও অবধি সর্বাধিক ৩টি উইকেট নিয়েছেন কুলদীপ। খরচ করেছেন ৪৮ রান। আর ১টি করে উইকেট জসপ্রীত বুমরা, রবীন্দ্র জাডেজা ও কুলদীপ যাদবের।

টেস্ট ক্রিকেটের ইতিহাসে প্রথম বার কোনও দলের টপ অর্ডারের ৪ ক্রিকেটার ৩৫ বা তার বেশি রান করেছেন, কিন্তু তাঁদের একজনও ৫০ বা তার বেশি রানে পৌঁছতে পারেননি। দুই ওপেনার এইডেন মার্করাম ও রায়ান রিকলটন করেন যথাক্রমে ৩৮ ও ৩৫। এরপর টপ অর্ডারে ত্রিস্টান স্টাবস ও ক্যাপ্টেন তেম্বা বাভুমার ব্যাটে আসে যথাক্রমে ৪৯ ও ৪১ রান। মাত্র ১ ও ৯ রানের জন্য হাফসেঞ্চুরি মিস স্টাবস ও বাভুমার। এরপর টনি ডি জর্জি দলকে খানিকটা এগিয়ে দেন। ৫৯ বলে তাঁর ২৮ রানের ক্যামিও ইনিংস দলকে ২৪৭ রানে পৌঁছে দেয়। এ ছাড়া উইয়ান মুল্ডার করেন ১৩ রান।

ভারতীয় বোলারদের শুরুটা ভাল হয়নি। কিন্তু প্রথম দিনের শেষে যদি প্রোটিয়াদের স্কোরকার্ড দেখা হয়, তা হলে নজরে পড়বে কুলদীপ যাদব, মহম্মদ সিরাজরা ম্যাচে রাখলেন দলকে। দিনের শেষে দক্ষিণ আফ্রিকার সেনুরান মুথুস্বামী নট আউট ২৫ রানে। আর কাইল ভারানে ১ রানে অপরাজিত। দিনের শেষে প্রোটিয়ারা রয়েছেন ৬ উইকেটে ২৪৭ রানে।

## ২০২৮ ইউরোর পর্দা উঠবে কার্ডিফে, ফাইনাল ওয়েম্বলিতে



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইউরোপের শ্রেষ্ঠত্বের লড়াই ২০২৮ ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ শুরু হবে আগামী ৯ জুন কার্ডিফে, আর এক মাস পর ৯ জুলাই লন্ডনের ঐতিহাসিক ওয়েম্বলি স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে রোমাঞ্চকর ফাইনাল। বুধবার টুর্নামেন্টের সূচি ও ভেন্যুর বিস্তারিত ঘোষণা করেছে উয়েফা।

এই প্রথমবারের মতো ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস ও আয়ারল্যান্ড যৌথভাবে আয়োজন করছে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের ১৮তম আসর। মোট ২৪টি দল অংশ নেবে টুর্নামেন্টে, আর অনুষ্ঠিত হবে ৫১টি ম্যাচ আটটি শহরে: লন্ডন, কার্ডিফ, ডাবলিন, বার্মিংহাম, গ্লাসগো, লিভারপুল, ম্যানচেস্টার ও নিউক্যাসল।

প্রায় ৯০ হাজার দর্শক ধারণক্ষমতা সম্পন্ন ওয়েম্বলি স্টেডিয়াম থাকবে টুর্নামেন্টের কেন্দ্রবিন্দুতে। সেখানে হবে শুধু ফাইনাল নয়, দুটি সেমি-ফাইনাল ও একটি কোয়ার্টার-ফাইনালও। শেষ আটের বাকি তিনটি ম্যাচ আয়োজন করবে ডাবলিন, গ্লাসগো ও কার্ডিফ। তবে শেষ ষোলোর কোনো ম্যাচ হবে না ওয়েম্বলিতে, সে পর্বের ম্যাচগুলো ভাগ করে দেওয়া হবে অন্য ভেন্যুগুলোর মধ্যে।

উয়েফা জানিয়েছে, ম্যাচগুলো শুরু হবে তিনটি ভিন্ন সময়সূচিতে: বাংলাদেশ সময় রাত ৮টা, রাত ১১টা ও রাত ২টা।

২০২৬ সালের ৬ ডিসেম্বর অনুষ্ঠিত হবে ইউরো ২০২৮-এর বাছাইপর্বের ড্র, বেলফাস্টে।

গত আসরে রানার্স-আপ হয়েছিল ইংল্যান্ড, তবে এবার তারা আয়োজক হিসেবেও বড় ভূমিকা পালন করবে। আগের ইউরোতে গ্রুপ পর্বেই বিদায় নেয় স্কটল্যান্ড, আর ওয়েলস ও আয়ারল্যান্ড বাদ পড়ে বাছাইপর্বে।

## কলকাতার সহকারী কোচ শেন ওয়াটসন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




অস্ট্রেলিয়ার সাবেক তারকা অলরাউন্ডার শেন ওয়াটসনকে আইপিএল ২০২৬ মৌসুমের আগে কলকাতা নাইট রাইডার্সের (কেকেআর) সহকারী কোচ হিসেবে নিয়োগ দিয়েছে ফ্র্যাঞ্চাইজিটি। নতুন দায়িত্বে তিনি কাজ করবেন প্রধান কোচ অভিষেক নায়ার এবং দলের মেন্টর ডোয়াইন ব্রাভোর সঙ্গে।

ইএসপিএনক্রিকইনফো জানিয়েছে, ওয়াটসনের পাশাপাশি নিউজিল্যান্ডের সাবেক পেসার টিম সাউদিও যুক্ত হয়েছেন কেকেআরের কোচিং সেটআপে। গত মৌসুমে সপ্তম স্থানে থেকে আইপিএল শেষ করার পর দলটি তাদের কোচিং প্যানেলে বড় পরিবর্তন এনেছে।

ওয়াটসন কেকেআরের অফিসিয়াল বিবৃতিতে বলেন,'কলকাতা নাইট রাইডার্সের মতো প্রতীকী একটি দলের অংশ হতে পারা আমার জন্য বিশাল সম্মানের। কেকেআর সমর্থকদের আবেগ এবং দলের সাফল্যের প্রতি তাদের নিবেদন আমাকে সবসময়ই অনুপ্রাণিত করেছে। আমি কোচিং স্টাফ ও খেলোয়াড়দের সঙ্গে একসঙ্গে কাজ করে কলকাতায় আরেকটি শিরোপা এনে দিতে চাই।'

এটি ওয়াটসনের দ্বিতীয় আইপিএল কোচিং দায়িত্ব। এর আগে তিনি ২০২২ ও ২০২৩ মৌসুমে দিল্লি ক্যাপিটালসের সহকারী কোচ হিসেবে কাজ করেছিলেন রিকি পন্টিংয়ের অধীনে।

অন্যদিকে, টিম সাউদি সম্প্রতি ইংল্যান্ড দলে পরামর্শক হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং বিভিন্ন ফ্র্যাঞ্চাইজি লিগেও অংশ নিয়েছেন।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR